**উপজেলা পরিষদ**

রাজনগর, মৌলভীবাজার

www.rajnagar.moulvibazar.gov.bd

নম্বর : ০৫.৪৬.৫৮৮০.০০৪.০৩.০০১.২৫-২৮    তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৭ মে ২০২৬

## অস্থায়ী কোরবানির পশুর হাট ইজারা দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজনগর উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত অস্থায়ী কোরবানির পশুর হাট আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষ্যে স্থানীয় জনসাধারণের সুবিধার্থে কোরবানির পশু ক্রয়-বিক্রয়ের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে ঈদের পূর্ব থেকে শুরু করে ঈদের পর দিন পর্যন্ত সর্বোচ্চ ০৭ (সাত) দিন হাট বসানোর নিমিত্ত নির্ধারিত দরপত্র ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অফিস চলাকালীন সময়ে এ কার্যালয় হতে দরপত্র ফরম ক্রয় করা যাবে। সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর ১০ (২) অনুচ্ছেদ এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর স্থানীয় সরকার শাখার ১৭ মে ২০২৬খ্রি. তারিখের ০৫.৪৬.৫৮০০.০১২.৩৩.০০১.২৩.৮১ নং স্মারক মোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। আগ্রহী আবেদনকারীগণ ধার্য্য তারিখ ও সময়সূচি অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচিঃ**

| সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ২০/০৫/২০২৬খ্রি.<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২১/০৫/২০২৬খ্রি.<br>সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | ২১/০৫/২০২৬খ্রি.<br>বেলা ০২.০০ ঘটিকা |

**তপশীলঃ**

| ক্র. নং | ইউনিয়নের নাম | অস্থায়ী পশুর হাটের নাম | অস্থায়ী পশুর হাটের তফসিল | সরকারি ইজারামূল্য | সিডিউল মূল্য (অফেৎযোগ্য) |
|---|---|---|---|---|---|
| ১. | ৫নং রাজনগর ইউপি | কর্ণিগ্রাম বাজার | মৌজা ও জেএল নম্বর : কর্ণিগ্রাম-১০৮, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ৮৪৮, ৬০৭, ৬০৮, ভূমির পরিমাণ : ০.০৮ একর | ৮৩,৫৪৮/- | ৫০০/- |
| ২. | ২নং উত্তরভাগ ইউপি | কালার বাজার | মৌজা ও জেএল নম্বর :কামালপুর-১৮, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ০৯, ভূমির পরিমাণ : ০.৩৬ একর | ১৫,৯০০/- | ৫০০/- |
| ৩. | ২নং উত্তরভাগ ইউপি | চেলারচক বাজার | মৌজা ও জেএল নম্বর :নিজগাঁও -২০, খতিয়ান নম্বর : ৩৫৪, দাগ নম্বর : ৩২৯৮,৩২৯৯, ভূমির পরিমাণ : ০.৩০ একর | ২৫,৬১৫/- | ৫০০/- |
| ৪. | ১নং ফতেপুর ইউপি | মোকাম বাজার | মৌজা ও জেএল নম্বর : বেড়কুড়ি-১১, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ১০৯১৪<br>ভূমির পরিমাণ : ১.১৩ একর | ১৩,৪৩৩/- | ৫০০/- |
| ৫. | ৮নং মনসুরনগর ইউপি | কদমহাটা বাজার | মৌজা ও জেএল নম্বর :কদমহাটা-৯০, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ৮৩৯, ভূমির পরিমাণ :০.৩১ একর | ৬২,২৬১/- | ৫০০/- |
| ৬. | ১নং ফতেপুর ইউপি | খেয়াঘাট বাজার | মৌজা ও জেএল নম্বর :বেড়কুড়ি-১১, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ৬৩৯২,৬৫৫৭<br>ভূমির পরিমাণ : ০.৪৮ একর | ২৭,৩৫৮/- | ৫০০/- |
| ৭. | ৮নং মনসুরনগর ইউপি | গোবিন্দবাটি বাজার | মৌজা ও জেএল নম্বর : কাটাজুরী-১০২, খতিয়ান নম্বর : ০১, দাগ নম্বর : ৯২২,৯২৫,৯২৯, ভূমির পরিমাণ : ০.৩০ একর | ৭,০৬৭/- | ৫০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮. | ২নং উত্তরভাগ ইউপি | উমরপুর বাজার | মৌজা ও জেএল নম্বর : সুনামপুর-১৫, খতিয়ান নম্বর : ৬১৫, দাগ নম্বর : ৭৫৫, ৭৫৬, ভূমির পরিমাণ : ০.৮৩ একর- | - | ৫০০/- |

**শর্তাবলি :**

১. সীলমোহরকৃত দরপত্র দাতাদের দরপত্রে উল্লিখিত দরের ১০০%(শতকরা একশত ভাগ) অর্থ যেকোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। অকৃতকার্য দরপত্রদাতাদের জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরবর্তীতে ফেরৎ প্রদান করা হবে। ইজারা গ্রহীতা হাট নিয়মিত নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। মেয়াদান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে;

২. যার দরপত্র গৃহীত হবে তাকে তাৎক্ষণিক দরপত্রে উল্লিখিত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ১০% জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। কোনক্রমেই সরকারি দাবি বকেয়া রেখে বাজার বসানো যাবে না;

৩. হাটে পশুর সারিগুলোর (Lane) মধ্যে যথাযথ দুরত্ব নিশ্চিত করতে হবে;

৪. পশুর হাটে ক্রেতা বিক্রেতার একমুখী চলাচল থাকতে হবে। অর্থাৎ প্রবেশ পথ ও বহি:গমনের পথ পৃথক থাকতে হবে;

৫. কোরবানি পশুর হাটে বৃদ্ধ, শিশু ও রোগাক্রান্ত ব্যক্তি প্রবেশ করতে পারবে না;

৬. কোরবানী পশুর হাটে কোন প্রকার চা-পান সিগারেটের দোকান ইত্যাদি বসানো যাবে না;

৭. সরকারি নির্ধারিত সময়ের পর বাজার ভেঙ্গে দিতে হবে;

৮. সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না;

৯. উন্মুক্ত পদ্ধতিতে ইজারা এবং হাট-বাজার সংক্রান্ত বিদ্যমান সরকারি নীতিমালা ও নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে;

১০. এই ইজারা ঈদের পূর্ব থেকে শুরু করে ঈদের পর দিন পর্যন্ত সর্বোচ্চ ০৭ (সাত) দিন হাট বসানো যাবে;

১১. অনুমোদিত তফসিল ভুক্ত জমি ব্যতিত অন্যস্থানে বা মহাসড়কে হাটটি স্থাপন করা যাবে না;

১২. স্থাপিত হাটটি সড়ক/মহাসড়ক থেকে নিরাপদ দুরত্বে থাকতে হবে;

১৩. যানজট বা জনগনের চলাচলের কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না;

১৪. নিজস্ব ব্যবস্থাপনায় আইন-শৃঙ্খলা ও পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে;

১৫. পরিবেশ দূষণমুক্ত ও পরিচ্ছন্ন রাখতে হবে এবং কোনভাবে পরিবেশ নষ্ট করে জনদূর্ভোগ সৃষ্টি করা যাবে না;

১৬. জাল নোট প্রতিরোধে ব্যবস্থা রাখতে হবে;

১৭. কোন বিদ্যালয়ের মাঠে বা খেলার মাঠে বাজার স্থাপন করা যাবে না;

১৮. বিজ্ঞ আদালতের কোন নিবারণ বা নির্দেশনামূলক কোন আদেশ থাকলে অস্থায়ী হাট বাজার স্থাপনের এ অনুমোদন পত্রটি সে অনুযায়ী সীমাবদ্ধ থাকবে;

১৯. হাট বাজারের খালি জমিতে কোন প্রকার অবকাঠামো নির্মাণ, বাজারের কোন প্রকার ক্ষতি বা বাজারে সীমানা সংকোচন করা যাবে না।

২০. কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭/০৫/২০২৫

বিপুল সিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
✆ : ০২৯৯৬৬৮৫০০২
✉: unorajnagar@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৬.৫৮৮০.০০৪.০৩.০০১.২৫-২৮

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪. পুলিশ সুপার, মৌলভীবাজার
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার

অবগতি ও কার্যার্থে :-

৬. সহকারী কমিশনার (ভূমি), রাজনগর, মৌলভীবাজার { বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ}
৭. উপজেলা .............................. কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার
৮. অফিসার ইনচার্জ, রাজনগর থানা, রাজনগর, মৌলভীবাজার
৯. চেয়ারম্যান......................... (সকল) ইউপি, রাজনগর, মৌলভীবাজার {বিজ্ঞপ্তিটি তাঁর এলাকাধীন হাট-বাজারে ঢোল সহরত, ওয়েব পোর্টাল ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ}
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, রাজনগর, মৌলভীবাজার {বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকায় সকল হাট-বাজারে ঢোল সহরত, ওয়েব পোর্টাল ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ}
১১. নোটিশ বোর্ড, অত্রাফিস

১৭/০৫/২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার